

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)
www.sesip.gov.bd

স্মারক নং: মাউশি/সেসিপ/১-৮/প্রশাসন/২০১৩/৪৫৯

তারিখ: ০৫/০৭/২০১৭ খ্রি:।

অফিস আদেশ

সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর আওতায় জেলা শিক্ষা অফিসে নিয়োজিত ডিস্ট্রিক্ট ট্রেনিং কো-অর্ডিনেটরগণের জন্য পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত নিম্নরূপ কর্মপরিধি (Job Description) নির্ধারণ করা হলো:


- ২.১ জেলা শিক্ষা অফিসারের নিয়ন্ত্রণে ও তত্ত্বাবধানে কর্মরত থেকে দায়িত্ব পালন করা।
- ২.২ বিভিন্ন দপ্তর/প্রকল্প হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট জেলায় প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদি পরিচালনার লক্ষ্যে একটি সমন্বিত বাৎসরিক কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা;
- ২.৩ জেলা শিক্ষা অফিসার কর্তৃক বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচিতে প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক ও কর্মচারী এবং কর্মকর্তাগণের চাহিদাভিত্তিক মনোনয়নের নিমিত্ত তালিকা প্রস্তুত করা;
- ২.৪ প্রশিক্ষণপ্রাপ্ত প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক ও কর্মচারী এবং কর্মকর্তাগণের তালিকা/ডাটাবেজ প্রস্তুত করা এবং পরবর্তী মনোনয়নে স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে তা যথাযথভাবে সংরক্ষণ করা;
- ২.৫ নির্ধারিত সময়সূচি অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণার্থীর সংখ্যা ও ব্যাচভিত্তিক ভেন্যু/ভেন্যুসমূহ নির্বাচন এবং এর প্রাপ্যতা নিশ্চিত করা;
- ২.৬ মাধ্যমিক শিক্ষার গুণগতমান অর্জনের জন্য সংশ্লিষ্ট জেলায় প্রশিক্ষণ কার্যক্রমের যথাযথ বাস্তবায়নের ক্ষেত্রে প্রশিক্ষণ সংক্রান্ত নিম্নোক্ত কাজে জেলা শিক্ষা অফিসারকে সার্বিক সহযোগিতা প্রদান করা:
 - ২.৬.১ বাজেট প্রণয়ন এবং অনুমোদিত নীতিমালা/বিধি অনুযায়ী অর্থব্যয় নিশ্চিতকরণ;
 - ২.৬.২ প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষক বাছাই এবং অবহিতকরণ;
 - ২.৬.৩ ভেন্যুর দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তার কাছে ব্যাচ ও ভেন্যুভিত্তিক প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকের তালিকা প্রেরণ এবং তদারকি;
 - ২.৬.৪ প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকগণের দৈনিক উপস্থিতি নিশ্চিতকরণ;
 - ২.৬.৫ প্রশিক্ষণ সামগ্রী (ব্যাগ/ফোল্ডার/প্যাড/কলম ইত্যাদি) সংগ্রহ, সরবরাহ ও গুণগতমান নিশ্চিতকরণ;
 - ২.৬.৬ প্রশিক্ষণ উপকরণ (ম্যানুয়াল/বুকলেট/হ্যান্ড আউট ইত্যাদির) প্রাপ্যতা যাচাই করা;
 - ২.৬.৭ প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের হালনাগাদ তালিকা মাউশি অধিদপ্তরের EMIS'র 'ট্রেনিং ম্যানেজমেন্ট মডিউল'-এ প্রেরণ করা;
 - ২.৬.৮ ব্যয়িত অর্থের বিল/ভাউচার প্রস্তুত, সমন্বয় ও সংরক্ষণের পাশাপাশি অব্যয়িত অর্থ ফেরত প্রদান; এবং
 - ২.৬.৯ প্রশিক্ষণ কার্যক্রমের মান যাচাই, তদারকি ও পরিবীক্ষণ এবং প্রতিবেদন প্রণয়নের পাশাপাশি তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা;

(চলমান পৃষ্ঠা নং-২)

২.৭ বার্ষিক প্রশিক্ষণ অগ্রগতি (বাস্তব ও আর্থিক) প্রতিবেদন প্রণয়ন এবং তা সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা; এবং

২.৮ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ান্তরে অর্পিত যে কোন দায়িত্ব পালন করা।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান
প্রোগ্রাম পরিচালক, সেসিপ
ও
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নং: মাউশি/সেসিপ/১-৮/প্রশাসন/২০১৩/

তারিখ: ০৫/০৭/২০১৭ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {দৃ: আ: অতিরিক্ত সচিব (উন্নয়ন)}।
২. পরিচালক/উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল অঞ্চল) অঞ্চল,
৩. উপপরিচালক, প্রশাসন/প্রোগ্রাম/ইকুইটি, সেসিপ, এসপিএসইউ, শিক্ষা ভবন, ঢাকা।
৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৫. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল).....।
৬. জেলা শিক্ষা অফিসার, (সকল)
৭. প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-১), এসপিএসইউ, সেসিপ, ঢাকা (আদেশটি সেসিপ-এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, সেসিপ, এসপিএসইউ, শিক্ষা ভবন, ঢাকা।
৯. থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)
১০. ডিস্ট্রিক্ট ট্রেনিং কো-অর্ডিনেটর, জেলা শিক্ষা অফিস, (সকল)
১১. পিএ টু প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১২. সংরক্ষণ নথি।


মো: আবু হাইদ শেখ (অতিরিক্ত সচিব)
যুগ্ম প্রোগ্রাম পরিচালক
☎ ৯৫৫৩৭১২
e-mail: jpd.sesip@gmail.com